

الْوَدُودِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৪৮ তম নাম 'الْوَدُودِ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْوَدُودِ' শব্দের মূল و - د - د , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৯ বার এসেছে। বন্ধুসুলভ, ভালোবাসা, প্রেমময়, স্নেহ-মমতা, ইচ্ছা, পছন্দ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الودود অর্থ: 'তিনি প্রেমময়'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَأَسْتَغْفِرُكُمْ وَأُوبَىٰ إِلَيْهِ إِنَّ رَبِّي رَحِيمٌ وَدُودٌ ﴿٩٠﴾

তোমরা তোমাদের প্রভুর কাছে ক্ষমা প্রার্থনা করো, তারপর তাঁরই দিকে ফিরে আসো। নিশ্চয়ই আমার প্রভু পরম দয়ালব, বন্ধুসুলভ। (সূরা হুদ: আয়াত নং ৯০)

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ سَيَجْعَلُ لَهُمُ الرَّحْمَنُ وُدًّا ﴿٩٦﴾

যারা ঈমান এনেছে ও আমলে সালেহ করেছে, দয়াময় রহমান অচিরেই জনগণের মনে তাদের জন্য ভালোবাসা সৃষ্টি করে দেবেন। (সূরা মরিয়ম: আয়াত নং ৯৬)

وَهُوَ الْغَفُورُ الْوَدُودُ ﴿١٤﴾

তিনি পরম ক্ষমাশীল, প্রেম-ভালোবাসা ও মমতার সাগর। (সূরা আল বুরূজ: আয়াত নং ১৪)

বুখারী শরীফের হাদিস:

আমার বান্দাদের মধ্যে যে আমার নির্দেশ অনুসরণ করে এবং মেনে চলে সে আমার নিকটবর্তী এবং যে ফরজের অতিরিক্ত ইচ্ছাকৃতভাবে নফল ইবাদত করে, সে আমার নিকটবর্তীতে আরো এগিয়ে আসে

এবং আমি তাকে ভালোবাসতে শুরু করি - এত ভালোবাসি যে সে যখন শুনে, তখন আমি তার শ্রবণেন্দ্রিয় হয়ে যাই, সে যখন দেখে, তখন আমি তার দৃষ্টিশক্তি হয়ে যাই, সে যখন হাত দিয়ে কোন কাজ করে, তখন আমি তার হাত হয়ে যাই, এবং যখন সে হাটে, তখন আমি তার পা হয়ে যাই। যদি সে আমার কাছে কিছু প্রার্থনা করে, আমি অবশ্যই তাকে তা দেবো এবং সে যদি আমার কাছে আশ্রয় চায়, তবে অবশ্যই তাকে নিরাপত্তা দেব।

প্রিয় ভাই ও বোনেরা! এমন বন্ধুসুলভ, প্রেম-ভালোবাসা, মায়া ও মমতার সাগর আল্লাহ। আসুন, আমরা তাঁর অবাধ্য না হই, সমস্ত ফরজ, ওয়াজিব ও সুন্নতের ইত্তেবা করি এবং বেশি বেশি নফল ইবাদত ও কাজ করি।

তাঁর সাথে কাউকে শরিক না করি। কারণ, শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা